দৈনিক ইত্তেফাক

তারিখ 20 MAY 1987 … …
পৃষ্ঠা… … …3… কলাম 1… … …

৯ · C33

# মেধাবী মাদ্রাসা ছাত্রদের 'চ্যান্সেলর পুরস্কার দেওয়া হইবে

শিক্ষা উপমন্ত্রী গোলাম সরোয়ার বলেন, সরকার আগামী শিক্ষা বৎসর হইতে মেধাবী মাদ্রাসা ছাত্রদের 'চ্যান্সেলর পুরস্কার' দেওয়ার কথা বিবেচনা করিতেছেন।

উপমন্ত্রী সোমবার সচিবালয়ে মাদ্রাসা-ই-আলিয়ার ছাত্রদের সঙ্গে এক আলোচনা সভায় বলেন, দেশের এক বৃহত্তর জনগোষ্ঠীর অংশ হিসাবে মাদ্রাসা শিক্ষায় শিক্ষিতদের সর্বপ্রকার প্রতিযোগিতামুলক পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করার মধ্য দিয়া চাকুরীর সুযোগ সুবিধা বৃদ্ধির প্রচেষ্টা নেওয়া হইবে।

তিনি বলেন, পর্যাপ্ত সহায়তার মাধ্যমে সরকার মাদ্রাসা শিক্ষার আধুনিকীকরণের ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

সভায় চান্সেলরের ছাত্র-বিষয়ক উপদেষ্টা রফিকুল হক হাফিজ ও মাদ্রাসা-ই-আলীয়ার অধ্যক্ষ জনাব মোঃ ইউনুছ সিকদার উপস্থিত ছিলেন।

—তথ্য বিবরণী।